# ২০২১

## দ্বিতীয় সেমেস্টার

## বাংলা - সাম্মানিক

### পত্র : CC-3

### [বাংলা সাহিত্যের ইতিহাস (উনিশ শতক)]

পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) আধুনিক বাংলা কাব্যজগতে ঈশ্বরচন্দ্র গুপ্ত-র অবদান সম্পর্কে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) বাংলা নাটকের ইতিহাসে মাইকেল মধুসূদন দত্তের ভূমিকা সম্পর্কে আলোচনা করো। ১০

২। (ক) সামাজিক উপন্যাস রচনায় বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের কৃতিত্ব বিচার করো। ১০

*অথবা,*

(খ) বাংলা সাময়িক পত্রের ইতিহাসে বঙ্গদর্শন পত্রিকার স্থান নির্ণয় করো। ১০

৩। (ক) বাংলা গদ্যসাহিত্যের ইতিহাসে ফোর্ট উইলিয়াম কলেজের গুরুত্ব বিচার করো। ১০

*অথবা,*

(খ) বাংলা গদ্যের শিল্পী হিসাবে প্রাবন্ধিক অক্ষয়কুমার দত্তের মূল্যায়ন করো। ১০

৪। (ক) বিহারীলাল চক্রবর্তীকে কেন 'ভোরের পাখি' বলা হয় তা সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) গিরিশচন্দ্র ঘোষের একটি পৌরাণিক নাটক সম্পর্কে আলোচনা করো। ৫

৫। (ক) বাংলা উপন্যাস রচনার প্রচেষ্টায় ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়ের ভূমিকা সংক্ষেপে বর্ণনা করো। ৫

*অথবা,*

(খ) বাঙালির বিদ্যাচর্চার ক্ষেত্রে 'বিবিধার্থ সংগ্রহ' পত্রিকার ভূমিকা সম্পর্কে আলোচনা করো। ৫

৬। (ক) বাংলা গদ্যচর্চার ক্ষেত্রে প্যারিচাঁদ মিত্রের অবদান সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) গদ্যশিল্পী ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের গদ্যের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লেখো। ৫

৭। ***যে-কোনো একটি*** বিষয়ে টীকা লেখো। ৫×১

(ক) 'বৃত্রসংহার কাব্য'

(খ) 'চতুরঙ্গ'

(গ) শ্রীরামপুর মিশন।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) নবীনচন্দ্র সেনের একটি কব্যের নাম ও রচনাকাল উল্লেখ করো।

(খ) মধুসূদন দত্ত রচিত একটি কাব্যগ্রন্থের নাম এবং রচনাকাল লেখো।

(গ) 'নীলদর্পণ' নাটকটি কার রচিত?

(ঘ) 'প্রেম প্রবাহিণী' কাব্যগ্রন্থটির কবি ও প্রকাশকাল লেখো।

(ঙ) অমৃতলাল বসু রচিত একটি নাটকের নাম ও প্রকাশকাল লেখো।

(চ) তারকনাথ গঙ্গোপাধ্যায় রচিত একটি গ্রন্থের নাম লেখো।

(ছ) 'সোমপ্রকাশ' পত্রিকাটি কে, কত সালে প্রকাশ করেছিলেন?

(জ) 'সবুজপত্রে' প্রকাশিত রবীন্দ্রনাথ ঠাকুরের একটি উপন্যাসের নাম এবং প্রকাশকাল লেখো।

(ঝ) স্বর্ণকুমারী দেবী রচিত একটি গ্রন্থের নাম লেখো।

(ঞ) 'ভট্টাচার্য্যের সহিত বিচার' গ্রন্থটি কার লেখা? কত সালে?

(ট) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের মৃত্যু কত খ্রিস্টাব্দে হয়েছিল?

(ঠ) 'বিষাদসিন্ধু' কার রচনা?

(ড) 'প্রাচ্য ও পাশ্চাত্য' কার রচিত? কত সালে প্রকাশিত হয়েছিল?

(ঢ) 'হুতোম প্যাঁচার নক্‌শা' কে রচনা করেছিলেন? কত খ্রিস্টাব্দে গ্রন্থটি প্রকাশিত হয়েছিল?

(ণ) 'পদ্মিনী উপাখ্যান' কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল?

---

# ২০২১

## দ্বিতীয় সেমেস্টার

## বাংলা - সাম্মানিক

**পত্র : CC-4**

**[ বাংলা সাহিত্য ঃ প্রবেশক পাঠ ]**

**পূর্ণমান - ৬৫**

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) লালন ফকিরের পাঠ্য পদটি অবলম্বনে লালন ফকিরের সমন্বয়বাদী জীবনদর্শনের তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

*অথবা,*

(খ) শঙ্খ ঘোষের 'বাবরের প্রার্থনা' ইতিহাসের অনুষঙ্গে সমকালের প্রার্থনা, ব্যক্তিসংকটের আধারে বৃহত্তর সামাজিক সংকটের পরিচয়।— মন্তব্যটির যাথার্থ্য নিরূপণ করো। ১০

২। (ক) 'কপালকুণ্ডলা' কোন শ্রেণির রচনা, তা যুক্তিসহ বিচার করো। ১০

*অথবা,*

(খ) 'অভাগীর স্বর্গ' গল্পে সমকালীন যে সমাজচিত্র লেখক বর্ণনা করেছেন তা নিজের ভাষায় আলোচনা করো। ১০

৩। (ক) "নীলদর্পণ বিদ্রোহের দর্পণ নয়, অত্যাচারের দর্পণ।"— 'নীলদর্পণ' নাটকের বিষয়বস্তু আলোচনা করে এ মন্তব্যের যাথার্থ্য বিচার করো। ১০

*অথবা,*

(খ) 'বইপড়া' প্রবন্ধে প্রাবন্ধিক প্রমথ চৌধুরী বই পড়ার প্রয়োজনীয়তা ও আবশ্যকতা বিষয়ে যে সুনিশ্চিত মতামত তুলে ধরেছেন তা সংক্ষেপে আলোচনা করো। ১০

৪। (ক) লুই পা রচিত পাঠ্যপদটি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) তাৎপর্য বিশ্লেষণ করো—

এই পৃথিবীর রণ রক্ত সফলতা
সত্য, তবু শেষ সত্য নয়। ৫

৫। (ক) "যদি জানিতাম যে স্ত্রীলোকের বিবাহ দাসীত্ব, তবে কদাপি বিবাহ করিতাম না" — কে, কাকে একথা বলেছে? একথা বলার কারণ কী? ১+১+৩

*অথবা,*

(খ) "আরে না না উইঠো না। জানটারে দিবা নাকি?" — কে, কাকে এ-কথা বলল? এই উক্তির মধ্য দিয়ে বক্তার চরিত্রের কোন দিকটি প্রকাশিত হয়েছে? ১+১+৩

৬। (ক) "আল্লা! বড়বাবু মোরে এতবার বাঁচালে মুই বড়বাবুরি অ্যাকবার বাঁচাতি পাল্লাম না" — এ আক্ষেপ কার? কোন পরিস্থিতিতে, কেন সে আক্ষেপ করেছে? ১+২+২

*অথবা,*

(খ) " 'সুন্দর-অসুন্দর' — জীবন-নদীর এই দুই টান" — ব্যাখ্যা করো। ৫

৭। ***যে-কোনো একটির*** উত্তর দাও। ৫×১

(ক) "ফাঁসির মঞ্চে গেয়ে গেল যারা জীবনের জয়গান" — কারা, কীভাবে ফাঁসির মঞ্চে জীবনের জয়গান গেয়েছেন?

(খ) লম্বকর্ণের চেহারা ও স্বভাবের সংক্ষিপ্ত বর্ণনা দাও।

(গ) আমেরিকায় নারী বিপ্লবের আন্দোলনে **Frances Wright**-এর ভূমিকা সংক্ষেপে আলোচনা করো।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) চর্যাপদের আদি সিদ্ধাচার্যের নাম লেখো।

(খ) রবীন্দ্রনাথের 'বলাকা' কবিতাটি কোন কাব্যগ্রন্থে অন্তর্ভুক্ত হয়েছে?

(গ) 'কাণ্ডারী' শব্দের অর্থ কী?

(ঘ) 'সুচেতনা' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত?

(ঙ) 'অবনী বাড়ি আছো' কবিতায় কে দুয়ার চেপে ধরে?

(চ) 'দেশ দেখাচ্ছ অন্ধকারে' কবিতায় কোন দুটি ব্রতকথার উল্লেখ করা হয়েছে?

(ছ) "আহা কী দেখিলাম জন্ম-জন্মান্তরেও ভুলিব না!" — কী দেখিয়া এমন উক্তি?

(জ) "পথিক, তুমি পথ হারাইয়াছ" — 'পথিক' কে?

(ঝ) 'অভাগীর স্বর্গ' গল্পে কোন নদীর উল্লেখ আছে?

(ঞ) চরণদাস এম.এল.এ.-কে সাধারণ মানুষ কী নামে ডাকত?

(ট) রাইচরণের কোন জমিতে আমিন নীলের দাগ দিয়েছিল?

(ঠ) "এরা সাহেবদের চণ্ডাল" — কাদের সম্পর্কে বলা হয়েছে?

(ড) *Vindication of the Rights of Women* গ্রন্থটির লেখক কে?

(ঢ) "মেঘদূত হইতে আমরা একটি তথ্য লাভ করিয়া বিস্ময়ে পুলকিত হইয়াছি" — প্রাবন্ধিক এখানে কোন তথ্যের কথা বলেছেন?

(ণ) 'সৌন্দর্যের সন্ধান' প্রবন্ধটি অবনীন্দ্রনাথ ঠাকুরের কোন গ্রন্থ থেকে সংগৃহীত?

২০১৯

## বাংলা — সাম্মানিক

দ্বিতীয় সেমেস্টার

পত্র : CC–3

পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) উনিশ শতকের বাংলা কাব্যে আধুনিকতার লক্ষণগুলি মাইকেল মধুসূদন দত্তের কাব্যে কীভাবে ধরা পড়েছে তা সংক্ষেপে বুঝিয়ে দাও। ১০

*অথবা*

(খ) বাংলা নাটকের আদিপর্বের নাটককার হিসাবে দীনবন্ধু মিত্রের নাট্যকৃতির মূল্যায়ন করো। ১০

২। (ক) বঙ্কিম-পূর্ববর্তী বাংলা 'কথাসাহিত্য'-এর সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

*অথবা*

(খ) সমকালীন সমাজ-বাস্তবতার রূপায়ণেই ঔপন্যাসিকের সিদ্ধি। এই মন্তব্যের আলোকে সামাজিক উপন্যাস রচনায় বঙ্কিমচন্দ্রের দক্ষতা বিচার করো। ১০

৩। (ক) বাংলা গদ্যের চর্চা ও বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান সংক্ষেপে আলোচনা করো। ১০

*অথবা*

(খ) বাংলা গদ্যের শিল্পী ও প্রাবন্ধিক হিসাবে অক্ষয়কুমার দত্তের মূল্যায়ন করো। ১০

৪। (ক) ঈশ্বরচন্দ্র গুপ্ত-কে 'যুগসন্ধির কবি' বলার কারণ কী? ৫

*অথবা*

(খ) অমৃতলাল বসুর প্রহসনে উনিশ শতকের শেষপর্বের বাঙালি সমাজের ছবি কীভাবে ধরা পড়েছে লেখো। ৫

৫। (ক) বাংলা ছোটগল্পের উদ্ভবের প্রেক্ষাপট সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা*

(খ) বাঙালির বিদ্যাচর্চায় 'বিবিধার্থ সংগ্রহ' পত্রিকার ভূমিকা সম্পর্কে লেখো। ৫

৬। (ক) বাংলা গদ্যের চর্চায় শ্রীরামপুর মিশনের ভূমিকার সংক্ষিপ্ত মূল্যায়ন করো। ৫

*অথবা*

(খ) গদ্যশিল্পী ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের গদ্যের বৈশিষ্ট্যগুলি সূত্রাকারে লেখো। ৫

৭। ***যে-কোনো একটি*** বিষয়ে টীকা লেখো। ৫

(ক) গিরীন্দ্রমোহিনী দাসীর 'অশ্রুকণা'

(খ) স্বর্ণকুমারী দেবীর 'কাহাকে'

(গ) বাংলা গদ্যের বিকাশে 'মাসিক পত্রিকা'-র অবদান

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় রচিত একটি কাব্যগ্রন্থের নাম প্রকাশকালসহ লেখো।

(খ) কোন নাটকের অভিনয় দেখে মধুসূদনের বাংলা নাটক লেখার ইচ্ছা জাগে?

(গ) 'পলাশীর যুদ্ধ' কার লেখা? কাব্যটির প্রকাশকাল লেখো।

(ঘ) 'প্রেম প্রবাহিনী' কাব্যগ্রন্থটির কবি ও প্রকাশকাল লেখো।

(ঙ) গিরিশচন্দ্র ঘোষ রচিত একটি পৌরাণিক ও একটি ঐতিহাসিক নাটকের নাম লেখো।

(চ) রমেশচন্দ্র দত্তের কোন চারটি উপন্যাস একত্রে 'শতবর্ষ' নামে পুস্তকাকারে সংকলিত হয়েছিল?

(ছ) রবীন্দ্রনাথের লেখা কোন ছোটোগল্পটি 'হিতবাদী'-র প্রথম সংখ্যায় প্রকাশিত হয়েছিল?

(জ) তত্ত্ববোধিনী পত্রিকা কোন গোষ্ঠীর মুখপত্র ছিল? এই পত্রিকা কবে প্রথম প্রকাশিত হয়েছিল?

(ঝ) 'সোমপ্রকাশ' কার সম্পাদনায় কবে প্রথম প্রকাশিত হয়েছিল?

(ঞ) 'ভারতী' প্রথম কবে কার সম্পাদনায় প্রকাশিত হয়েছিল?

(ট) শ্রীরামপুর মিশন প্রেস থেকে প্রথম ছাপা বাংলা বইটির নাম কী? সেটি কবে ছাপা হয়েছিল?

(ঠ) কোথায় কত খ্রিস্টাব্দে রামমোহনের মৃত্যু হয়েছিল?

(ড) 'পরিব্রাজক' গ্রন্থটি কার লেখা? কত খ্রিস্টাব্দে গ্রন্থটি প্রকাশিত হয়েছিল?

(ঢ) ছদ্মনামে প্রকাশিত বিদ্যাসাগরের গদ্যগ্রন্থের প্রকাশকালসহ নামোল্লেখ করো।

(ণ) মীর মশার্‌রফ হোসেন সম্পাদিত পত্রিকার নাম কী?

---

# ২০১৯

## বাংলা — সাম্মানিক

দ্বিতীয় সেমেস্টার

পত্র : CC-4

পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) চর্যাপদ-১ ('কাআ তরুবর পঞ্চ বি ডাল।') পদটির মর্মার্থ এবং কাব্যসৌন্দর্য বিচার করো। ১০

*অথবা*

(খ) 'দেশ দেখাচ্ছ অন্ধকারে'— এটি স্বদেশানুরাগের কবিতা।— আলোচনা করো। ১০

২। (ক) বিস্ময়বোধ এবং সৌন্দর্যরসবোধের সমন্বয়ে সৃষ্ট 'কপালকুণ্ডলা' চরিত্রের শিল্পসার্থকতা বিচার করো। ১০

*অথবা*

(খ) 'অভাগীর স্বর্গ' গল্পটির করুণ পরিণতির পিছনে যে সমাজসত্য রয়েছে তা উন্মোচন করো। ১০

৩। (ক) "ভদ্র অপেক্ষা ভদ্রেতর চরিত্র চিত্রণেই দীনবন্ধু অধিকতর দক্ষতা দেখিয়েছেন"।— অভিমতটি বিচার করো। ১০

*অথবা*

(খ) 'বইপড়া' প্রবন্ধে প্রমথ চৌধুরী বই পড়ার সপক্ষে যে যুক্তি দিয়েছেন তা তোমার নিজের ভাষায় লেখো। ১০

৪। (ক) "সব লোকে কয়, লালন কি জাত সংসারে।"— কবিতাটি কালোত্তীর্ণ হওয়ার কারণ বিশ্লেষণ করো। ৫

*অথবা*

(খ) "অবনী বাড়ি আছো?" কবিতায় কবির আহ্বান কার প্রতি এবং কেন তা লেখো। ৫

৫। (ক) "তুমি অধম— তাই বলিয়া আমি উত্তম না হইব কেন?" — উৎস নির্দেশ করে উক্তিটির তাৎপর্য লেখো। ৫

*অথবা*

(খ) "অন্দরের মধ্যে হট্টগোল শুনিয়া রায় বাহাদুর বুঝিলেন যুদ্ধ অনিবার্য।" — কার সঙ্গে যুদ্ধ? যুদ্ধের অনিবার্যতার কারণ নির্দেশ করো। ১+৪

৬। (ক) 'নীলদর্পণ' কী ধরনের নাটক? — উত্তরের সপক্ষে যুক্তিগুলি সূত্রাকারে লেখো। ৫

*অথবা*

(খ) "সুন্দর-অসুন্দর সম্বন্ধে শেষ কথা যদি কেউ বলতে পারে তো আমাদের নিজের-নিজের মন।"— 'সৌন্দর্যের সন্ধান' প্রবন্ধ অবলম্বনে এই উক্তির সারবত্তা সংক্ষেপে নিরূপণ করো। ৫

৭। *যে-কোনো একটি* প্রশ্নের উত্তর দাও। ৫×১

(ক) "হেথা নয়, অন্য কোথা, অন্য কোথা, অন্য কোন্‌খানে"— অংশটির তাৎপর্য আলোচনা করো।

(খ) "প্রদীপ নিবিয়া গেল।" — উক্তিটির অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো।

(গ) "বাজে কথাতেই মানুষ আপনাকে ধরা দেয়।" — অংশটি বুঝিয়ে লেখো।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) "সই কেবা শুনাইল শ্যাম নাম" — এটি কোন্ পর্যায়ের পদের অংশ?

(খ) "পর-ধন-লোভে মত্ত",— 'পর-ধন' কী?

(গ) 'কাণ্ডারী হুশিয়ার' — কবিতাটি কবির কোন্ মূল কাব্যগ্রন্থের অন্তর্গত?

(ঘ) "পৃথিবীর গভীর গভীরতর অসুখ এখন;" — এটি কোন্ কবিতার অংশ?

(ঙ) "আমার সন্ততি স্বপ্নে থাক।" — উক্তিটি 'বাবরের প্রার্থনা' কবিতায় কতবার ব্যবহৃত হয়েছে?

(চ) "পথিক, তুমি পথ হারাইয়াছ?" — কার উদ্দেশ্যে, কার উক্তি? ১/২+১/২

(ছ) 'সাগর সঙ্গম' বলতে কী বোঝায়?

(জ) "সেই কেবল কাঁদিল না।" — সে কে?

(ঝ) লম্বকর্ণ-এর লেখক পরশুরাম-এর প্রকৃত নাম কী?

(ঞ) "—আমিও ভুলুম না ভাই—" — কার রচিত, কোন্ গল্পের অংশ?

(ট) 'নীলদর্পণ' নাটকে কোন্ গ্রামে নীলচাষের বিরোধিতার আওয়াজ ওঠে?

(ঠ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'বাজেকথা' প্রবন্ধটি কবে লেখা হয়েছিল?

(ড) "মুই নেমোখ্যারামি কত্তি পারবো না" — উক্তিটি কার?

(ঢ) "তখনও আষাঢ়ের প্রথম দিন যথা নিয়মে আসিত।" — উক্তিটির দ্বারা কোন্ কবির, কোন্ কাব্য স্মরণে আসে? ১/২+১/২

(ণ) "পুরুষের তা বুঝবার ক্ষমতা নাই।" পুরুষের কী বুঝবার ক্ষমতা নেই?